রাজধানীর হাজারীবাগে গাড়িতে পেট্রোল বোমা নিক্ষেপ, আটক ২



ছবি: সংগৃহীত

রাজধানীর হাজারীবাগে পার্কিং করে রাখা একটি পার্সেল ও কুরিয়ার সার্ভিসের গাড়ি লক্ষ্য করে পেট্রোল বোমা ছুড়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় ধাওয়া দিয়ে মোটরসাইকেলসহ দুজনকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) ভোর আনুমানিক ৫টা ৪০ মিনিটে বেড়িবাঁধ মেইন রোডে কুরিয়ার সার্ভিসটির ডে অপারেশন ওয়্যারহাউসের সামনে এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, ওয়্যারহাউসের সামনে পার্কিং করে রাখা গাড়িটিতে পেট্রোল বোমা নিক্ষেপ করা হলে এর কাচ ভেঙে যায়। ঘটনার পরপরই পালিয়ে যাওয়ার চেষ্টা করেন হামলাকারীরা। এ সময় ধাওয়া দিয়ে মোটরসাইকেলসহ দুজনকে আটক করে হাজারীবাগ থানা পুলিশ।

আটক দুজনকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA